

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৯০.২০১৯/৪০২৬/৪

তারিখঃ ০৬/০৫/১৪২৬ বঙ্গাব্দ
১৮/০৯/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ উপজেলাধীন রওশন আরা ডিগ্রি কলেজের জনাব লতিফা বেগম, প্রভাষক (ইংরেজী) কে অনুপস্থিতকালীন সময়ে বেতন-ভাতা প্রদানের বিষয়ে ব্যাখ্যা প্রদান।

সূত্রঃ তদন্ত প্রতিবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ উপজেলাধীন সানাড়পাড় রওশন আরা ডিগ্রি কলেজের জনাব লতিফা বেগম, প্রভাষক-ইংরেজি প্রতিষ্ঠান থেকে বেআইনীভাবে বন্ধ এমপিও ছাড় করার জন্য গত ২৮/০৫/২০১৮ তারিখে মাউশি অধিদপ্তরে আবেদন করেন। আবেদনটি নিষ্পত্তি করার জন্য তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ১৫৩৮৩/২০১৮ দায়ের করেন। রিট মামলায় মহামান্য আদালত বিবাদীগণের প্রতি রুলনিশ জারীসহ অর্ন্তবর্তীকালীন আদেশ প্রদান করেন। উক্ত আদেশে মহামান্য আদালত ২নং বিবাদী (মহাপরিচালক, মাউশি) কে পিটিশনারের ২৮/০৫/২০১৮ তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। মহামান্য আদালতের আদেশ অনুসারে পিটিশনারের ২৮/০৫/২০১৮ তারিখের আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে মাউশি থেকে তদন্ত করা হয়।

তদন্ত কর্মকর্তার মতামতঃ তদন্তকালে শিক্ষকদের কলেজ হাজিরা খাতা পর্যালোচনায় দেখা যায় যে, ২৫/০৭/২০১৫ তারিখ থেকে ১০/১০/২০১৭ তারিখ (পদত্যাগের তারিখ পর্যন্ত) লতিফা বেগম বিনা অনুমতিতে কলেজে অনুপস্থিত ছিলেন। কিন্তু অক্টোবর ২০১৭ পর্যন্ত তাঁকে এমপিওর টাকা প্রদান করা হয়েছে। অনুপস্থিত থাকা সত্ত্বেও তাঁকে বেতন প্রদানের বিষয়ে অধ্যক্ষ কোন সদুত্তর দিতে পারেননি। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষের নিকট ব্যাখ্যা চাওয়া যেতে পারে।

এমতাবস্থায়, ২৫/০৭/২০১৫ থেকে ১০/১০/২০১৭ তারিখ (পদত্যাগের তারিখ পর্যন্ত) লতিফা বেগম, প্রভাষক(ইংরেজি) বিনা অনুমতিতে কলেজে অনুপস্থিত থাকা সত্ত্বেও বিধি লঙ্ঘন করে অনুপস্থিতকালীন সময়ের বেতন-ভাতা প্রদান করায় জনবল কাঠামো মোতাবেক কেন আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না এ বিষয়ে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মো. আবদুল কাদের
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

সানাড়পাড় রওশন আরা ডিগ্রি কলেজ
সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, সানাড়পাড় রওশন আরা ডিগ্রি কলেজ, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ২। আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জনাব লতিফা বেগম, প্রভাষক(ইংরেজি), সানাড়পাড় রওশন আরা ডিগ্রি কলেজ, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৪। সংরক্ষণ কপি।